

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৫ ডিসেম্বর ২০২১ খ্রি.

মেয়রের সাথে ভারতীয় এক্সিম ব্যাংকের বাংলাদেশ প্রতিনিধির সাক্ষাত
এল.ই.ডি বাতি স্থাপন প্রকল্প বাস্তবায়নে
দু দেশের মধ্যে সম্প্রতি ও ভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ় হবে

চট্টগ্রাম মহানগরীতে ভারতীয় ঋণ সহায়তায় ৪৬৬ কি. মিটার সড়কে আলোকায়নে এল.ই.ডি বাতি স্থাপন প্রকল্পের অগ্রগতি ও চূড়ান্তকরণের বিভিন্ন দিক সম্পর্কে অবহিত করার লক্ষ্যে গতকাল শুক্রবার সন্ধ্যায় সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে তাঁর বহুদারহাটস্থ বাসভবনে ভারতীয় এক্সিম ব্যাংকের বাংলাদেশ প্রতিনিধি জনাব অলোক বাড়া (গণ. অঞ্চল ১৫৭৫) সাক্ষাত করেন। এসময় প্রকল্প পরিচালক প্রকৌ. বুলন কুমার দাশ উপস্থিত ছিলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী চট্টগ্রাম নগরীর সড়কে আলোকায়নের জন্য এক্সিম ব্যাংক অব ইন্ডিয়ার মাধ্যমে ঋণ সহায়তা প্রদান করার ভারতীয় সরকারকে ধন্যবাদ জানিয়ে বলেন, এর মাধ্যমে দু দেশের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা ও ভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ় ভিত্তির সোপান নির্মিত হবে।

এক্সিম ব্যাংক অব ইন্ডিয়ার প্রতিনিধি মি. অলক বাড়া বলেন, যাচাই-বাছাইয়ের পর ভারত সরকার এই প্রকল্পের ঋণ সহায়তার চূড়ান্ত অনুমোদন দেয়ায় প্রকল্প বাস্তবায়নের পথ সুগম হলো। তিনি জানান, ২ শ ৬০ কোটি ৮৯ লাখ ৮৭হাজার টাকার প্রকল্পে ভারতীয় ঋণ সহায়তার পরিমাণ ২শ ১৪ কোটি ৪৬ লাখ ৮২ হাজার টাকা। বাকী অর্থ বাংলাদেশ সরকার যোগান দেবেন। এই প্রকল্পের অধীনে ২০ হাজার ৬শত টি এল.ই.ডি বাতি স্থাপিত হবে। প্রকল্প পরিচালক ও চসিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) বুলন কুমার দাশ জানান, এই প্রকল্পটি বাস্তবায়িত হলে নগরীর ৪১টি ওয়ার্ডের প্রতিটিতে ১০ কি. মিটার এলাকায় এল.ই.ডি স্থাপিত হলে রাত্রিকালীন আলোকায়নে উজ্জ্বলতা বিদ্যমান থাকবে।

বালুছড়া অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে সহায়তা প্রদান অনুষ্ঠানে মেয়র
জীবন খেমে থাকে না
ক্ষতিগ্রস্তদের ঘুরে দাঁড়াতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নানা ধরণের বিপদ ও দুর্বিপাক এবং প্রাকৃতিক দুর্যোগে মানুষ ক্ষতিগ্রস্ত হলেও একেবারে নিঃশব্দ হয়ে পড়ে না। তবে অগ্নিকাণ্ডের ফলে ক্ষতিগ্রস্তদের সহায়-সম্মল কিছুই থাকে না, ছাই হয়ে যায়। খোলা আকাশের নীচে ঠাই নেয়া ছাড়া আর কোন গত্যন্তর থাকে না। তাই তাদের পাশে কেউ যদি না দাঁড়াই তা হলে তাদের বেঁচে থাকাটাই আজন্মের পাপ প্রতীয়মান মনে হয়। এই অবস্থায় তাদের পরিব্রাজ্যে আমাদের সামর্থ্যকে উজার করে দিতে হবে। তিনি আজ শনিবার সকালে বালুছড়ায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে আর্থিক সহায়তা ও ত্রাণ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে একথা বলেন।

তিনি আরো বলেন, অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের আবার শূন্য থেকে শুরু করে ঘুরে দাঁড়াতে হবে। কারণ জীবন কখনো খেমে থাকে না। ক্ষতিগ্রস্তদের এই আর্থিক সহায়তা ও ত্রাণ মোটেই যথেষ্ট নয়, তবে ঘুরে দাঁড়াতে কিছুটা হলেও শক্তি দেবে। মনে ইচ্ছে শক্তি অর্জনে ইন্ধন দেবে। তিনি সমাজের বিভবান শ্রেণিকে মানবিক বিপর্যয়ে মানুষের পার্শ্ব দাঁড়ানোর আহ্বান জানিয়ে বলেন, এটা একটি ঈমানী দায়িত্ব। যারা এই দায়িত্ব পালন করবেন তাদের উপর ঈশ্বার রহমত বর্ষিত হবে। পরে মেয়র ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে প্রত্যেক পরিবার প্রতি পঁচিশ কেজি চাউল ও নগদ অর্থ তুলে দেন। জালালাবাদ ওয়ার্ড কাউন্সিলর মো. শাহেদ ইকবাল বাবুর সভাপতিত্বে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর গাজী শফিউল আজিম, সংরক্ষিত কাউন্সিলর ফেরদৌস বেগম মুন্নি, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম প্রমুখ।

পাথরঘাটা আর্চ বিশপ ভবনে বড়দিন অনুষ্ঠানে
শুভেচ্ছা জানান মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী খ্রীষ্ট ধর্মাবলম্বীদের বড়দিনের শুভেচ্ছা জানিয়ে বলেছেন, মুসলিম-খৃষ্টান-হিন্দু-বৌদ্ধ ঐক্যবদ্ধভাবে ১৯৭১সালে মহান মুক্তিযুদ্ধে কাঁধে-কাঁধ মিলিয়ে যুদ্ধ করে বিজয় চিনিয়ে আনি। বিজয়ের মাধ্যমে আমরা ধর্মনিরপেক্ষ রাষ্ট্র প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছি। তিনি বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় আমাদের এখন ঐক্যবদ্ধ হয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলা প্রতিষ্ঠা করতে হবে। আজ শনিবার সন্ধ্যায় পাথরঘাটা আর্চ বিশপ ভবনে বড়দিনের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে মেয়র একথা বলেন।

তিনি আরো বলেন, কুমারী মাতার কোল আলো করে ধরাদামে এদিন জন্মনিয়ে খ্রীষ্ট ধর্মাবলম্বীদের মহান ঈশ্বরের যীশু অন্ধ বিবরে আলোর ফুল ফুটিয়ে শুদ্ধাচারী মঙ্গললোক প্রজ্জ্বলনের সূচনা করেন। এই দিনটির মমার্থ হলো শান্তি, সাম্য ও সম্প্রীতির চেতনাকে শানিত করে পুণ্য পবিত্র সলিলে আবগাহন করে মানব ধর্মকে জাগ্রত করা। এতেই আমাদের মুক্তি ও পরিশুদ্ধি। তিনি পবিত্র বড় দিনের এই চেতনাকে ধারণ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

এ সময় উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর পুলক খানসগীর, আবদুস সালাম মাসুম, হাসান মুরাদ বিপ্রব, সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত, চট্টগ্রাম প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদ, আর্চ বিশপ লরেন্স সুরত হাওলাদার সি.এস.সি এবং ফাদার লেনার্ড রিবেরু সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩